

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯২.৩১.১৪২.১৫- ৮১


তারিখঃ ১৫/০১/২০১৭খ্রিঃ

বিষয় : গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ এর নূর-এ-আলম সিদ্দিক হাউলিদার, প্রভাষক(কম্পিউটার) এর বিরুদ্ধে সহকারি অধ্যাপক পদে পদোন্নতির অভিযোগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ এর জনাব মোঃ ওয়াহেদুজ্জামান প্রধান, প্রভাষক(ব্যবস্থাপনা) একই প্রতিষ্ঠানের জনাব নূর-এ-আলম সিদ্দিক হাউলিদার, প্রভাষক(কম্পিউটার) এর বিরুদ্ধে সহকারি অধ্যাপক পদে পদোন্নতির বিষয়ে অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের বর্ণনা মোতাবেক জনাব মোঃ ওয়াহেদুজ্জামান প্রধান, প্রভাষক(ব্যবস্থাপনা) পদে ১০/০৩/২০০৪খ্রিঃ তারিখ হইতে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত আছেন। জনাব মোঃ ওয়াহেদুজ্জামান প্রধান, প্রভাষক(ব্যবস্থাপনা) ১৭/০২/২০০৩খ্রিঃ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ১৯/১২/২০০৩খ্রিঃ তারিখে কিছু সংখ্যক প্রভাষক/কর্মচারীবৃন্দকে অধ্যক্ষ মহোদয় নিয়োগ প্রদান করেন কিন্তু উক্ত সময়ে তাকে নিয়োগ প্রদান না করে ০২(দুই) মাস পরে নিয়োগ প্রদান করেন। প্রভাষক(কম্পিউটার), জনাব নূর-এ-আলম সিদ্দিক হাউলিদার মাস্টার্সে অধ্যয়নরত অবস্থায় শর্ত সাপেক্ষে কর্তৃপক্ষ তাকে সাময়িক নিয়োগ প্রদান করেন। যাহা পরবর্তীতে নিয়মিতকরণ ছাড়া তাকে স্থায়ী করা হয় এবং যোগদানের পূর্বের তারিখটি যথাযথ না থাকা সত্ত্বেও তাকে বিধি বহির্ভূতভাবে সহকারি অধ্যাপক পদে পদোন্নতির সুপারিশ প্রদান করা হয়। এ বিষয়ে যাচাই বাছাইয়ের জন্য নিম্নবর্ণিত কাগজ পত্রাদি প্রয়োজন।

- ১। নিয়োগ বিজ্ঞপ্তি
- ২। আবেদন পত্র
- ৩। মূল রেজুলেশন শীট
- ৪। টেবুলেশন শীট
- ৫। শিক্ষাগত যোগ্যতার সনদ
- ৬। নিয়োগ পত্র/যোগদান পত্র

এমতাবস্থায়, বর্ণিত মূল কাগজ পত্রাদি উহার ০১(এক) সেট ফটোকপি সহ তাদেরকে আগামী ০২/০২/২০১৭খ্রিঃ তারিখ সকালে ১০.০০ ঘটিকায় অত্রদপ্তরে উপস্থিত থেকে কাগজ পত্রাদি যাচাইয়ে সহযোগীতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোহাম্মদ আতিকুর রহমান)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

- ১। অধ্যক্ষ
বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ
ফুলছড়ি, গাইবান্ধা।
- ২। জনাব নূর-এ-আলম
প্রভাষক(কম্পিউটার)
বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ
ফুলছড়ি, গাইবান্ধা।

অনুলিপিঃ

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।
- ২। উপ-সচিব(কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, গাইবান্ধা।
- ৪। সভাপতি, বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কারিগরি কলেজ, ফুলছড়ি গাইবান্ধা।
- ৫। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।